দৈনিক ইত্তেফাক
তারিখ 23 JUL 1989
পৃষ্ঠা 1 কলাম 6

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষার পরিবেশ রক্ষায় সর্বাত্মক চেষ্টা করিতে হইবে — এরশাদ

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ জাতির জন্য উজ্জ্বলতর ভবিষ্যত গড়িয়া তোলার স্বার্থে দেশের শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ বজায় রাখার সর্বাত্মক প্রচেষ্টা চালানোর আহ্বান জানাইয়াছেন।

গতকাল (শনিবার) আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের জাতীয় নির্বাহী কমিটির বৈঠকে বক্তৃতায় প্রেসিডেন্ট এরশাদ বলেন, এই উদ্দেশ্যে শিক্ষকদেরই অগ্রণী ভূমিকা পালন করিতে হইবে।

ফেডারেশনের চেয়ারম্যান প্রেসিডেন্ট এরশাদের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা উপ-প্রধানমন্ত্রী

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এরশাদ

(১ম পৃঃ পর)

কাজী জাফর আহমদ, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, ফেডারেশনের ভাইস-চেয়ারম্যান কাজী ফারুক আহমদ, মহাসচিব অধ্যক্ষ একে-এম শহীদুল্লাহ এবং দফতর সম্পাদক অধ্যাপক আসাদুল হক বক্তৃতা করেন। শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট পরীক্ষায় নকল প্রবণতাসহ শিক্ষাঙ্গনের বর্তমান অবস্থার কথা উল্লেখ করিয়া বলেন, যে কোন মূল্যে পরীক্ষায় নকল করা বন্ধ করিতে হইবে এবং এ ব্যাপারে শিক্ষকদেরকেই প্রাথমিক দায়িত্ব পালন করিতে হইবে।

তিনি অভিযোগ করেন যে, কতিপয় বিরোধী রাজনৈতিক দলের উদ্দেশ্যবিহীন রাজনীতিই শিক্ষাঙ্গনের এই অবস্থার জন্য দায়ী। ছাত্ররা যখন নকলের দাবীতে মিছিল বাহির করে তখন কতিপয় বিরোধী রাজনৈতিক দল তাহাদের প্রতি বিবৃতি দিয়া সমর্থন দেয়। ছাত্রদের নৈতিক অধঃপতনের জন্য এসব বিরোধী রাজনৈতিক দলই দায়ী বলিয়া প্রেসিডেন্ট উল্লেখ করেন।

এই প্রসঙ্গে প্রেসিডেন্ট জাতীয় পার্টির ছাত্র সংগঠন বিলুপ্তির কথা উল্লেখ করিয়া বলেন, জাতীয় পার্টি বিভিন্ন রাজনৈতিক দলের ছাত্র সংগঠনের রক্তক্ষয়ী সংঘর্ষের সহিত জড়িত হয়। তিনি বলেন, বিদেশীদের শাসনামলে ছাত্র রাজনীতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়াছিল। স্বাধীন দেশের ছাত্রেরা এখন জাতি গঠনের প্রচেষ্টায় অর্থবহ অবদান রাখিতে পারে।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, তিনি শিক্ষকদের মর্যাদা বৃদ্ধির জন্য সর্বাত্মক চেষ্টা চালাইতেছেন এবং আশা প্রকাশ করেন যে, তাহারা যেকোন মূল্যেই এই মহান পেশার আদর্শ সমুন্নত রাখিবেন। তিনি বলেন, সরকারের সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও শিক্ষকদের জন্য অধিক সুযোগ-সুবিধা প্রদান করা হইয়াছে। যাহাতে তাহারা শান্তিপূর্ণ মনে দেশের ভবিষ্যৎ বংশধরদের গড়িয়া তুলিতে পারেন।

পূর্বাহ্নে প্রেসিডেন্ট উপজেলা পর্যায়ে ফেডারেশনের কমিটি গঠন এবং একটি পাক্ষিক বুলেটিন প্রকাশের প্রস্তাব অনুমোদন করেন। গণশিক্ষার উপর ফেডারেশনের তৈরী একটি প্রকল্প প্রস্তাব প্রেসিডেন্টের নিকট পেশ করা হয়।

বৈঠকে বিশিষ্ট বিজ্ঞানী ও ও শিক্ষাবিদ ডঃ এম ও গনির মৃত্যুতে শোক প্রস্তাব গৃহীত হয় এবং মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করিয়া মোনাজাত করা হয়।